

# Prime Minister pays homage at the Mausoleum of Bangabandhu Sheikh Mujibur Rahman

March 27, 2021

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিস্থলে শ্রদ্ধাজ্ঞাপন করেছেন প্রধানমন্ত্রী

মার্চ ২৭, ২০২১

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী দুদিনের বাংলাদেশ সফরের দ্বিতীয় দিনে আজ টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিস্থলে শ্রদ্ধা নিবেদন করেন। কোনো বিদেশি রাষ্ট্রপ্রধান বা সরকারের প্রধানের সফরকালে এই প্রথম কেউ বঙ্গবন্ধুর সমাধিস্থলে শ্রদ্ধা জানালেন। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এই ঐতিহাসিক ঘটনার স্মরণে সমাধিস্থল প্রাঙ্গণে একটি বৃক্ষ রোপণ করেন। বাংলাদেশের প্রধানমন্ত্রী শ্রীমতি শেখ হাসিনা এবং তার বোন শেখ রেহানাও উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রী শ্রী মোদী সমাধিস্থল প্রাঙ্গণে দর্শনার্থীদের জন্য ভিজিটর বুক-এ স্বাক্ষর করেন। তিনি লেখেন – ‘বঙ্গবন্ধুর জীবন বাংলাদেশের মানুষের অধিকার, অন্তর্ভুক্তিমূলক সংস্কৃতি সংরক্ষণ এবং তাদের পরিচয়ের জন্য স্বাধীনতা সংগ্রামের প্রতীক’।

ঢাকা

মার্চ ২৭, ২০২১

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.